



‘জাতীয় বাজেট : তারুণ্যের ভাবনা’ শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত

ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ এর আয়োজনে গত ২৫ জুন ২০২০ ‘জাতীয় বাজেট : তারুণ্যের ভাবনা’ শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে জাতীয় বাজেট পর্যালোচনা, তরুণ সমাজের চাহিদা এবং বাজেট বরাদ্দ নিয়ে মূল আলোচনা উপস্থাপন করেন অর্থনীতিবিদ, গণতান্ত্রিক বাজেট আন্দোলনের সাধারণ সম্পাদক মনোয়ার মোস্তফা এবং বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং গবেষক জাহিদুর রহমান। ইয়ুথ এন্ডিং হাঙ্গারের নেতৃবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন।

আলোচকগণ তাদের বক্তব্যে দেশের তরুণ সমাজের বর্তমান চাহিদা ও অগ্রাধিকারের দৃষ্টিকোণ থেকে ২০২০-২১ সালের প্রস্তাবিত জাতীয় বাজেট নিয়ে তাদের মতামত তুলে ধরেন। তারা বলেন, বাজেটে তরুণদের জন্য, বিশেষকরে উন্নত মানের শিক্ষা এবং কর্মসংস্থানের বিষয়ে প্রয়োজনীয় বরাদ্দ রাখা হয়নি। তরুণদের যথাযথ বিকাশ নিশ্চিত করা, দক্ষজনশক্তি হিসেবে গড়ে তোলা, তরুণ উদ্যোক্তাদের আর্থিক ও নীতিগত সহায়তা দেওয়া, কর্মসংস্থানের ব্যবস্থা করা ইত্যাদি বিষয়কে জাতীয় বাজেটে অগ্রাধিকার দেওয়া প্রয়োজন বলে তারা উল্লেখ করেন। সাম্প্রতিক করোনা সংকটের অভিঘাত মোকাবেলা, ক্রমবর্ধমান আয় বৈষম্য কমানো, স্বাস্থ্য, শিক্ষা, কৃষি, সামাজিক নিরাপত্তা খাতে বাজেট বাড়ানো প্রয়োজন বলেও তারা মতামত ব্যক্ত করেন।



বইপড়া ও রিভিউ লেখা প্রতিযোগিতার চতুর্থ পর্ব শুরু হল ১ জুলাই ২০২০ থেকে। আগ্রহীদের ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশের ফেসবুক পেইজ অথবা গ্রুপে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে।



ইয়ুথ এন্ডিং হাঙ্গারের জাতীয় সমন্বয়কারী মিশাল বিন সলিমের সভাপতিত্বে এবং দি হাঙ্গার প্রজেক্টের ইয়ুথ মোবাইলাইজেশন ইউনিটের প্রধান শশাঙ্ক বরণ রায়ের সম্বলনায় অনুষ্ঠিত ওয়েবিনারে ইয়ুথ এন্ডিং হাঙ্গারের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা অনলাইন মাধ্যমে অংশ নেন। অনুষ্ঠানটি সংগঠনের ফেসবুক পেইজে সরাসরি সম্প্রচার করা হয়। সংগঠনের পক্ষ থেকে আলোচনায় অংশগ্রহণ করেন চট্টগ্রাম অঞ্চলের সমন্বয়কারী রাফিউ আহমেদ, ঢাকা অঞ্চলের সমন্বয়কারী মৌসুমী ইসলাম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমন্বয়কারী আব্দুল্লাহ আল মামুন ফয়সাল, জোহান আব্দুল্লাহ আল মাহমুদ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের রুকাইয়া আলম মৌমিতা, সিলেট অঞ্চলের সমন্বয়কারী মহসিন আহমেদ, বরিশালের সোহানুর রহমান, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আবীর নোমান, রেনেকা আহমেদ সন্তু সহ আরো অনেকে।

আলোচনার শুরুতে শুভেচ্ছা বক্তব্য রাখেন ইয়ুথ মোবাইলাইজেশন ইউনিটের আমজাদ হোসেন রাজীব এবং ইয়ুথ এন্ডিং হাঙ্গার এর কার্যক্রম তুলে ধরেন ইয়ুথ এন্ডিং হাঙ্গার ঢাকা অঞ্চলের সহ-সমন্বয়ক আজিজুল হক রোমেল। আলোচনায় ইয়ুথ লিডারবৃন্দ বলেন, দেশের জনসংখ্যার সবচেয়ে বড় অংশ তরুণ হলেও বাজেট প্রণয়ন প্রক্রিয়ায় তরুণদের কার্যকর অংশগ্রহণ নেই। বর্তমান আর্থিক সংকট মোকাবেলা এবং আগামী দিনের চতুর্থ শিল্প বিপ্লবের প্রেক্ষাপটে তরুণদের উপযোগী করে গড়ে তোলার জন্য বাজেটে অগ্রাধিকার দিতে হবে। উল্লেখ্য, স্বচ্ছব্রতী সংস্থা দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর অনুপ্রেরণা ও সহায়তায় পরিচালিত সংগঠন ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ সারা দেশে বিভিন্ন এলাকা ও শিক্ষাপ্রতিষ্ঠানে স্বচ্ছব্রতী তরুণদের প্রশিক্ষিত ও সংগঠিত করে আত্ম-উন্নয়ন ও সামাজিক পরিবর্তনের কাজ করছে। বর্তমানে সারা দেশে ১,৫০০ ইউনিটের মাধ্যমে সংগঠিত প্রায় ৩০ হাজার সক্রিয় সদস্যসহ লক্ষাধিক তরুণ এই সংগঠনের সাথে যুক্ত রয়েছেন।

বই পড়া ও রিভিউ লেখা প্রতিযোগিতা

সাধারণ নিয়মাবলী

১) অংশগ্রহণের জন্য গ্রন্থ তরুণ পুস্তক বা ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ এর ফেসবুক পেইজে নাম, মোবাইল নম্বর, বিভাগ, ইমেইল এড্রেস ও বইয়ের নাম মেনেজ বা কমেট করে প্রিজেন্টে করতে হবে। বিজ্ঞপিত তথ্যের জন্য ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ এর ফেসবুক গ্রুপ অথবা পেইজ দেখুন।

২) বই পড়ার পর পুরো বই নিয়ে ৭০০-১২০০ শব্দের ভেরিটিভি জমা দিতে হবে। রিভিউ গ্রন্থ পোস্ট করতে হবে, পেইজে মাসেজ কিংবা ড্র-পি-ডিএফ ফাইল আকারে জমা দেয়া যাবে।

৩) নির্দিষ্ট ১৫ দিন পর পর বিজ্ঞপিত নাম ঘোষণা করা হবে।

৪) একজন পঠিত গ্রন্থের ১৫ দিনের মধ্যে একাধিক বইয়ের রিভিউ জমা দিতে পারবেন।

বই নির্বাচন

৫) বই অপশাই তালিকা থেকে বাছাই করতে হবে।

৬) বইয়ের তালিকা নির্মিত আপডেট করা হবে। পঠিত চাইলে কোনো বই তালিকায় অন্তর্ভুক্ত করা সুপারিশ করতে পারবেন।

অনলাইন এন্ট্রিটি

৭) প্রতি পঠিতক বই পড়ার সময় বইয়ের বা পঠিত ছবি তুলে অত্র পালনার গ্রুপে পোস্ট করে অন্য পঠিতদের অপশাই উপস্থাপিত করতে হবে।

৮) পোস্টের ভুক্ত বইয়ের নাম ও পোস্টের সংখ্যা বিধিত হবে। যেমন: এঁহির মীল জোয়ানো #পোস্ট নম্বর ০২

দেখুন অব এক্সিয়েশন

৯) প্রতি ১৫ দিনে প্রতি বিভাগ থেকে একজনকে বিজ্ঞপিত বিজ্ঞপিত ঘোষণা করা হবে।

১০) বিজ্ঞপিত পর্বের বিজ্ঞপিতের থেকে প্রতি মাসে একজনকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে বিজ্ঞপিত ঘোষণা করা হবে।

১১) বিজ্ঞপিতের জন্য আকর্ষণীয় পুরস্কার রয়েছে।

অনুষ্ঠান

ন্যাশনাল ফোরাম

ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ



উপদেষ্টা: ড. বদিউল আলম মজুমদার, নাহিমা আজার জলি
সম্পাদক: শশাঙ্ক বরণ রায়, আমজাদ হোসেন রাজীব
প্রকাশনায়: ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ
সহযোগিতায়: দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ

yeh.bd@thp.org
yeh.thpbd.org | thpbd.org
[facebook.com/YEHBD](https://www.facebook.com/YEHBD)

হেরাডিক হাইটস, ২/২, মিরপুর রোড, (লেভেল-৪)
রুক-এ, মোহাম্মদপুর, ঢাকা -১২০৭।
ফোন: ৯১৩-০৪৯৯, ৯১২-২০৮৬

